



# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল bbriariaps@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৩.

৫৫৬৯

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে মুদ্রণ মালামাল (পরিশোধিত ও অপরিশোধিত বিদ্যুৎ বিলের প্রত্যয়নপত্র) সরবরাহের বিজ্ঞপ্তি।  
অত্র পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও শর্তসাপেক্ষে মুদ্রণ মালামাল (পরিশোধিত ও অপরিশোধিত বিদ্যুৎ বিলের প্রত্যয়নপত্র) সরবরাহের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত কোটেশন/ দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	৪৩৩০০২৯	বিদ্যুৎ বিল পরিশোধিত প্রত্যয়ন পত্র এক পাতার (বাংলা) ৭০ GSM অফসেট পেপার। ৮.৫" x ১১.০০" সাইজ কাগজ (অভ্যন্তরীণ আকার) সহ উভয় পার্শ্বে পারফুরেশন এবং প্রিন্ট ট্রাস্টার/ রোলারের জন্য ডাস্ট ফ্রি, স্টার পাঞ্চ। উভয় পৃষ্ঠায় ট্রাই কালার অফসেটে ছাপা। প্রতি পৃষ্ঠার মাঝে পারফুরেশন। ফর্মের পাদদেশে সরবরাহকারী/মুদ্রণ প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকবে। প্রতি প্যাকেটে ২,০০০ টি শীট (কন্টিনিউয়াস শীটে) থাকতে হবে। প্রতি কপির মাঝে পারফুরেশন থাকবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ২,০০০ টি শীটের ন্যূনতম ওজন ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হবে। ফর্মের প্রতি পৃষ্ঠায় সিরিয়াল নম্বর থাকতে হবে। কাগজের মান, আকার, ছাপার রং, কাগজে ছাপার অবস্থান, পারফুরেশন প্রভৃতি সকল বিষয় সমিতির নমুনা মোতাবেক হতে হবে। (নমুনা মোতাবেক)	১,৪০,০০০	কপি	
০২		বিদ্যুৎ বিল অপরিশোধিত প্রত্যয়ন পত্র এক পাতার (বাংলা) ৭০ GSM অফসেট পেপার। ৮.৫" x ১১.০০" সাইজ কাগজ (অভ্যন্তরীণ আকার) সহ উভয় পার্শ্বে পারফুরেশন এবং প্রিন্ট ট্রাস্টার/ রোলারের জন্য ডাস্ট ফ্রি, স্টার পাঞ্চ। উভয় পৃষ্ঠায় ট্রাই কালার অফসেটে ছাপা। ফর্মের পাদদেশে সরবরাহকারী/মুদ্রণ প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকবে। প্রতি প্যাকেটে ২,০০০ টি শীট (কন্টিনিউয়াস শীটে) থাকতে হবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ২,০০০ টি শীটের ন্যূনতম ওজন ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হবে। ফর্মের প্রতি পৃষ্ঠায় সিরিয়াল নম্বর থাকতে হবে। কাগজের মান, আকার, ছাপার রং, কাগজে ছাপার অবস্থান, পারফুরেশন প্রভৃতি সকল বিষয় সমিতির নমুনা মোতাবেক হতে হবে। (নমুনা মোতাবেক)	১,২০,০০০	কপি	

## শর্তাবলীঃ-

- আগ্রহী দরদাতাগণ দরপত্র আলাদা একটি খামে আগামী ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা, খ) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্ছা দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- দরপত্র সমূহ ত্রিদিনই অর্থাৎ ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরদাতাগণকে অবশ্যই সীলগালা করে খামের উপরের অংশে সুস্পষ্টভাবে "মুদ্রণ মালামাল সরবরাহের কোটেশন" শব্দটি লিখতে হবে।
- কোটেশনে অংশ গ্রহনকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের কোটেশনের সহিত হালনাগাদ চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট ও আয়কর সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
- সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ ইস্যুর ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর  $\frac{১}{১০}$  অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।
- সরবরাহকারীগণকে অত্র পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী নিয়ম অনুসারে ভ্যাট, আয়কর কর্তন করা হবে।
- যে কোন কোটেশন আংশিক বা সকল কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- উল্লিখিত শর্তাবলী ব্যতীত অন্য কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আখতার হোসেন)

18.11.23

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- জেলা প্রশাসক/পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া/নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ডিজিএম, কসবা সদর জোনাল অফিস/সহঃ প্রকৌশলী, বাপবিবোর্ড, ব্রাহ্মণবাড়িয়া/এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিস/মাস্টার কপি।

18.11.23

(ইন্দ্রজিত চন্দ্র ভৌমিক)

এজিএম (প্রশাসন)